শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 CERTIFIED

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com, Web Site: www.pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২২. ২০৪৬

তারিখঃ ০৯ মে, ২০২২ খ্রিস্টাব্দ।
২৬ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও পদ সংখ্যা	বেতন স্কেল	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
০১	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)। সংখ্যাঃ ০৪ (চার) টি (কম বা বেশী হতে পারে)।	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। খ) ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। নথিকরণ, যোগাযোগ ও তথ্য সংরক্ষন সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে। ঙ) সুন্দর ও মনোরমভাবে কাজ করার ক্ষমতা থাকতে হবে। চ) যথাযথভাবে ফাইলিং, উপস্থাপন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।	বান্দরবন, বগুড়া, চুয়াডাঙ্গা, গাইবান্ধা, ঝিনাইদহ, জয়পুরহাট, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লালমনিরহাট, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, পঞ্চগড়, রাজবাড়ী, রাজশাহী, শেরপুর, সিরাজগঞ্জ, টাঙ্গাইল ও ঠাকুরগাঁও।
০২	ড্রাইভার (পুরুষ) সংখ্যাঃ ০৩ (তিন) টি (কম বা বেশী হতে পারে)।	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৬,৬০০/- টাকা হতে ৪১,৯৫০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা পড়া ও লেখাসহ নূন্যতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান সম্পন্ন হতে হবে। নির্দেশিকা, দিক নির্দেশ পরিচালনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময় সূচী পড়ার যথেষ্ট জ্ঞান থাকতে হবে। খ) প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ ও হালনাগাদ গাড়ী চালানোর ড্রাইভিং লাইসেন্স (স্মার্ট কার্ড) থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। গ) প্রার্থীকে যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত/ বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে রক্ষণাবেক্ষণ কাজে গাড়ী চালানোসহ কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। যা ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির তারিখ হতে গণনা করা হবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। ঘ) নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (লিখিত পরীক্ষা হবে ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি)। ঙ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। পবিসের অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টি শক্তির পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	

চলমান পাতা

ক্রঃ নং	পদের নাম ও পদ সংখ্যা	বেতন স্কেল	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
০৩	অফিস সহায়ক সংখ্যাঃ ০১ (এক) টি (কম বা বেশী হতে পারে)।	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	ক) এস.এস.সি/সমমান পরীক্ষার উত্তীর্ণ হতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। ঘ) বাই সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিস্কার, পরিচ্ছন্নতা, গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে।	বান্দরবন, বগুড়া, চুয়াডাঙ্গা, গাইবান্ধা, ঝিনাইদহ, জয়পুরহাট, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লালমনিরহাট, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, পঞ্চগড়, রাজবাড়ী, রাজশাহী, শেরপুর, সিরাজগঞ্জ, টাঙ্গাইল ও ঠাকুরগাঁও।

শর্তাবলী:

০১। আবেদনকারীগণকে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (www.pbs2.pabna.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২৯/০৫/২০২২খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা এর বরাবরে সরাসরি/ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতিত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য ফরম-এর সাথে সংযুক্ত প্রবেশ পত্রে যেভাবে দিক নির্দেশনা দেওয়া আছে সেভাবে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০২। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে), বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্তসাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে সাথে সাথে চাকুরীচ্যুত করা হবে। প্রার্থীর বয়স ক্রমিক নং-০১ ও ০৩ এর প্রার্থীগণের আগামী ২৯/০৫/২০২২খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমানক দাখিল করতে হবে এবং ক্রমিক নং-০২ এর প্রার্থীগণের বয়স সীমা সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৪৫ বৎসর হতে হবে।

০৩। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)।
গ) জাতীয় পরিচয় পত্র / জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
ঘ) ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্র।
চ) পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।

০৪। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সেক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। অন্য কোন সংস্থা হতে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৬। প্রতারনামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা

০৭। খামের উপর অবশ্যই বড় অক্ষরে নিজ নাম ও পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

০৮। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এছাড়া অত্র সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত বর্ণিত পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। পদ সংখ্যা কম বা বেশী হতে পারে।

১১। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩। নিয়োগ লাভের ক্ষেত্রে যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে বা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ায় অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯.০৫.২০২২

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ **[জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ]।**

০১. নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড ঢাকা।
০৩. পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি পরিদপ্তর), বাপবিবোর্ড, ঢাকা-**বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।**
০৫. জেলা প্রশাসক/পুলিশ সুপার, পাবনা।
০৬. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------------------পবিস-১/২/৩/৪।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর
০৮. ডিজিএম, আতাইকুলা/কারিগরী/বেড়া/সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৯. এজিএম (ওএন্ডএম/এমএস/অর্থ/ইএন্ডসি), সাঁথিয়া/বাঁধেরহাট সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
১০. এজিএম (আইটি), পাবনা পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১১. নোটিশ বোর্ড, পাবনা পবিস-২।
১৩. অফিস কপি/মাস্টার কপি।

০৯.০৫.২০২২

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 CERTIFIED

ডাটা এন্ট্রি অপারেটর/ড্রাইভার/অফিস সহায়ক পদে চাকুরীর আবেদন ফরম
(ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং---------------------

৩. পদের ধরণঃ স্থায়ী

(ডাটা এন্ট্রি অপারেটর/ড্রাইভার/অফিস সহায়ক)
২. আবেদনকৃত পদের নাম

----
৪. বিজ্ঞাপনের সূত্র /পত্রিকার নাম

----
৫. প্রকাশনার তারিখ

------------------------------- ---------------------------
৬. আবেদনকারীর পূর্ণ নাম(বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

----
৭. জন্ম তারিখ (----পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)
-----/-----/--------(দিন/মাস/বছর)

----
৮. মাতার নাম

৯. বয়স (২৯/০৫/২০২২ খ্রিঃ তারিখে)

----
১০. পিতার নাম

১১. ধর্ম

----
১২. জাতীয়তা ও ভোটার আইডি নং

১৩. নিজ জেলা

----
১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

---------------------- ---------------------- ------------------------ ----------------
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

---------------------- ------------------- ------------------------ -------------------
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

-- --- ------------
১৯ (ক) পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নম্বর (খ) পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর মূল্য (গ) ইস্যুর তারিখ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড	
এস,এস,সি/সমমান				
এইচ,এস,সি/সমমান				
স্নাতক				

২১. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি শপথ করে বলছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২(দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

তারিখ

আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী /আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 CERTIFIED

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশপত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ --

পরীক্ষার তারিখ ঃ --

পরীক্ষার সময় ঃ --

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ --

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ --

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ----------------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ --

প্রার্থীর নাম ঃ --

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ঃ পিতা/প্রযত্নে------------------------------------

গ্রাম/সড়ক---ডাকঘর---------------------------------

উপজেলা---জেলা---------------------------------------

মোবাইল নম্বর--

প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্তত ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠো ফোন এবং ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন। কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। করোনা ভাইরাস (COVID-19) এর বিস্তার প্রতিরোধে প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী (মাস্ক, হ্যান্ড গ্লোভস ইত্যাদি) ব্যবহার করে স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।